Times Today BD

শরিফুল ইসলাম | দেশজুড়ে | 28 April, 2025

ধর্ষণের অভিযোগে গণধোলাইয়ের শিকারের পর গ্রেপ্তার মসজিদের ইমাম কারাগারে মৃত্যু হয়েছে।

রোববার দিবাগত রাত ৩ টার দিকে গাজীপুর জেলা কারাগারে তার মৃত্যু হয়।

নিহত রহিজ উদ্দিন (৩৫) কুমিল্লার মতলব থানার বাদশা মিয়ার ছেলে। রহিজ হায়দরাবাদ আখলাদুল জামে মসজিদের ইমাম ও খতিব হিসেবে কাজ করতেন।

গতকাল রোববার সকালে গাজীপুর মহানগরীর হায়দরাবাদ এলাকায় এক শিশুকে ধর্ষণের অভিযোগে মসজিদের ইমাম রহিজ উদ্দিনকে আটক করে গাছে বেঁধে গণপিটুনি দেয় এলাকাবাসী। পরে পুলিশ তাকে গ্রেপ্তার করে ওইদিনই আদালতের মাধ্যমে গাজীপুর জেলা কারাগারে পাঠায়।

গাজীপুর মহানগরীর পূবাইল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিরুল ইসলাম  জানান, ছেলে শিশু ও কিশোরদের ধর্ষণের অভিযোগে গতকাল রোববার এলাকাবাসী গাজীপুর মহানগরীর হায়দরাবাদ আখলাদুল জামে মসজিদের ইমাম ও খতিব রহিজ উদ্দিনকে এলাকাবাসী আটক করে। পরে উত্তেজিত জনতা তাকে গাছের সঙ্গে বেধে গনপিটুনি দেয়। এসময়ে এলাকাবাসী তার গলায় জুতার মালা দিয়ে ব্যাপক মারধোর করে।পরে ওই ঘটনায় নির্যাতিত এক কিশোরের পিতা বাদি হয়ে একটি মামলা দায়ের করে।পরে পুলিশ ইমাম রহিজ উদ্দিনকে এলাকাবাসীর কাছ থেকে উদ্ধার করে ওই মামলায় গ্রেপ্তার দেখিয়ে আদালতের মাধ্যমে রাতেই গাজীপুর জেলা কারাগারে পাঠানো হয়।রাত ৩ টার তিনি কারাগারে অসুস্থ্য হয়ে পড়লে দ্রুত শহীদ তাজউদ্দিন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হলে

কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করে। সোমবার সকালে নিহতের লাশ ওই হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

জেলা কারাগারের জেল সুপার রফিকুল কাদের জানান, রহিজ উদ্দিনের শরীরে পাবলিক অ্যাসল্ট ছিল। রাত ৩ টার দিকে তিনি কারাগারে অসুস্থ্য হয়ে পড়লে তাকে হাসপতালে পাঠানো হয়। হাসপাতালে নেওয়ার পর চিকিৎসক তাকে মৃতে ঘোষনা করে।

ধর্ষণ ইমাম কারাগারে মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:44

URL: https://www.timestodaybd.com/across-the-country/4430111563